



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: www.bu.ac.bd



প্রেস-রিলিজ

(অভিনন্দন বার্তা)

মাননীয় প্রধানমন্ত্রী কে ববি উপাচার্যের অভিনন্দন

বরিশাল বিশ্ববিদ্যালয়, ০৬ মার্চ ২০২১।

কমনওয়েলথভুক্ত দেশগুলোর মধ্যে শীর্ষ তিন অনুপ্রেরণাদয়ী নারী নেতার তালিকায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নাম অন্তর্ভুক্ত হওয়ায় তাকে অভিনন্দন জানিয়েছেন বরিশাল বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন। গত ০৪ মার্চ ২০২১ কমনওয়েলথ মহাসচিব পেট্রোসিয়া স্কটল্যান্ড কিউসি আন্তর্জাতিক নারী দিবস ২০২১ উপলক্ষে দেয়া এক বিশেষ ঘোষণায় “অসাধারণ নারী নেতৃত্ব ও গভীর অনুপ্রেরণা” হিসেবে অভিহিত করে, কোভিড মহামারি মোকাবেলায় নিজ নিজ দেশে সফল এমন তিন নারী নেতৃত্বের কথা বিশেষ ভাবে উল্লেখ করেন। এরা হলেন বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা, নিউজিল্যান্ডের প্রধানমন্ত্রী জেসিডা আরডার্ন এবং বার্বাডোসের প্রধানমন্ত্রী মিয়া আমোর মোটলে। করোনা মহামারি মোকাবেলায় এই তিন নেতা তাদের নিজ নিজ দেশে অসাধারণ নেতৃত্বের স্বাক্ষর রেখেছেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা কে অভিনন্দন জানিয়ে ববি উপাচার্য বলেন, করোনাকালীন পরিস্থিতিতে প্রধানমন্ত্রীর গৃহীত পদক্ষেপ সমূহ তাঁর সময়োপযোগী ও দৃঢ় নেতৃত্বের বহিঃপ্রকাশ। করোনাকালীন প্রধানমন্ত্রীর নেওয়া সময়োচিত পদক্ষেপের দরুণ অনেক উন্নত দেশের তুলনায় বাংলাদেশের করোনা পরিস্থিতি নিয়ন্ত্রনে এবং অর্থনীতির প্রবৃদ্ধিও অত্যন্ত আশাব্যঞ্জক। আন্তর্জাতিক ভাবে প্রধানমন্ত্রী শেখ হাসিনা কে এমন স্বীকৃতি প্রদান করায় বহিঃবিশ্বে বাংলাদেশের ভাবমূর্তি আরও উজ্জ্বল হয়েছে। উপাচার্য মহোদয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস